গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঝালকাঠি সদর, ঝালকাঠি
www.sadar.jhalakathi.gov.bd

স্মারক নং-০৫.১০.৪২৪০.০০২.০৫.০০৯.২৩-৭০

তারিখ: ১৫ মাঘ, ১৪২৯
২৯ জানুয়ারি, ২০২৩

: হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি :

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ঝালকাঠি সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪৩০) ইজারা প্রদান করা হবে। আগ্রহী ইজারা গ্রহীতাদের নিকট হতে সীলমোহরযুক্ত খামে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

০১। দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান ঃ

(ক) জেলা প্রশাসক, ঝালকাঠি এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা
(খ) উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর এর কার্যালয়
(গ) সহকারী কমিশনার (ভূমি), ঝালকাঠি সদর এর কার্যালয়
(ঘ) ঝালকাঠি সদর থানা (পুলিশ স্টেশন), ঝালকাঠি
(ঙ) সোনালী ব্যাংক লিঃ, কোর্ট বিল্ডিং শাখা, ঝালকাঠি

০২। দরপত্র দাখিলের স্থান ঃ

(ক) জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি এর স্থানীয় সরকার শাখা
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝালকাঠি সদর

০৩। দরপত্র দাখিলের ক্যালেন্ডার ঃ

ক্রম.	ইজারার পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
০১.	১ম বার	১৯/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময়ে	২০/০২/২০২৩ খ্রি. বেলা ১২:৩০ মি. পর্যন্ত	২০/০২/২০২৩ খ্রি. বিকাল ০২:০০ মি.	১ম বার যে সকল হাটের ইজারা অনুমোদিত হবে না ২য় বার শুধুমাত্র সে সকল হাটের ইজারা এবং ২য় বার যে সকল হাটের ইজারা অনুমোদিত হবে না ৩য় বার সে সকল হাটের ইজারা এবং ৩য় বার যে সকল হাটের ইজারা অনুমোদিত হবে না ৪র্থ বার শুধুমাত্র সে সকল হাটের দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে।
০২.	২য় বার (প্রযোজ্যক্ষেত্রে)	০৫/০৩/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময়ে	০৬/০৩/২০২৩ খ্রি. বেলা ১২:৩০ মি. পর্যন্ত	০৬/০৩/২০২৩ খ্রি. বিকাল ০২:০০ মি.	
০৩.	৩য় বার (প্রযোজ্যক্ষেত্রে)	১৫/০৩/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময়ে	১৬/০৩/২০২৩ খ্রি. বেলা ১২:৩০ মি. পর্যন্ত	১৬/০৩/২০২৩ খ্রি. বিকাল ০২:০০ মি.	
০৪.	৪র্থ বার (প্রযোজ্যক্ষেত্রে)	২৯/০৩/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময়ে	৩০/০৩/২০২৩ খ্রি. বেলা ১২:৩০ মি. পর্যন্ত	৩০/০৩/২০২৩ খ্রি. বিকাল ০২:০০ মি.	

০৪। হাট বাজারের বিবরণ ঃ

ক্রঃ নং	হাট-বাজারের নাম	১৪৩০ বাংলা সনের সরকারি ইজারা মূল্য	সিডিউল মূল্য (অফেরতযোগ্য)
০১.	গুহদের হাট	১০,৯৩৫/-	৫০০/- (পাঁচশত টাকা)
০২.	বেরমহল হাট	১০,১৭৬/-	৫০০/- (পাঁচশত টাকা)
০৩.	মানপাশা হাট	১,০৬,২৯৯/-	১,০০০/- (এক হাজার টাকা)
০৪.	গগন হাট	১,৮০২/-	৫০০/- (পাঁচশত টাকা)
০৫.	বিনয়কাঠি হাট	৯১,৯০২/-	৫০০/- (পাঁচশত টাকা)
০৬.	নবগ্রাম শিবগঞ্জ হাট	৪৯,১৮২/-	৫০০/- (পাঁচশত টাকা)
০৭.	বাউকাঠি বাজার	৭৫,৬৩১/-	৫০০/- (পাঁচশত টাকা)
০৮.	কীর্ত্তিপাশা বাজার	২,৫০,৫১৩/-	১,২০০/- (এক হাজার দুইশত টাকা)
০৯.	পাজিপুহরীপাড়া হাট	১৫,৯০,০০০/-	৩,৮০০/- (তিন হাজার আটশত টাকা)
১০.	নৈকাঠি হাট	৭,৪২৪	৫০০/- (পাঁচশত টাকা)
১১.	চৌপালা হাট	২০,৮০৮/-	৫০০/- (পাঁচশত টাকা)
১২.	গাবখান হাট	৯,৩৩৮/-	৫০০/- (পাঁচশত টাকা)
১৩.	গুয়াটন হাট	৪৩,২৪৮/-	৫০০/- (পাঁচশত টাকা)
১৪.	শেখেরহাট বাজার	১৭,৬৬৮/-	৫০০/- (পাঁচশত টাকা)
১৫.	নৈয়ারি হাট	২৭,৩৮৮/-	৫০০/- (পাঁচশত টাকা)

০৫। শর্তসমূহ ঃ

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানাত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ঝালকাঠি সদর এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

চলমান পাতা-০২

CamScanner

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।'

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপরে দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, ফ্লুইড দিয়ে লেখা, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
২৯/০১/২০২৩
(সাবেকুন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
ঝালকাঠি সদর, ঝালকাঠি
ফোন: ০৪৯৮-৬৩৫৮১
ই-মেইল: unojhalakathi@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.৪২৪০.০০২.০৫.০০৯.২৩-৫১(২০০)-৭০

তারিখ: ১৫ মাঘ, ১৪২৯ / ২৯ জানুয়ারি, ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-১২৬ (ঝালকাঠি-২)
০২। জেলা প্রশাসক, ঝালকাঠি
০৩। পুলিশ সুপার, ঝালকাঠি
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, ঝালকাঠি
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি

সদয় অবগতির জন্য।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝালকাঠি সদর, ঝালকাঠি
০৭। মেয়র, ঝালকাঠি পৌরসভা, ঝালকাঠি
০৮। উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি/রাজাপুর/কাঠালিয়া, ঝালকাঠি
০৯। সহকারী কমিশনার (ভূমি), ঝালকাঠি সদর, ঝালকাঠি
১০-৩১। উপজেলা.......................................অফিসার, ঝালকাঠি সদর, ঝালকাঠি
৩২। অফিসার ইনচার্জ, ঝালকাঠি সদর থানা, ঝালকাঠি
৩৩। জেলা তথ্য অফিসার, ঝালকাঠি
৩৪। সাব-রেজিস্ট্রার, ঝালকাঠি সদর, ঝালকাঠি
৩৫। পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, ঝালকাঠি
৩৬। সহকারী সেটেলমেন্ট অফিসার, ঝালকাঠি সদর, ঝালকাঠি

বহুল প্রচারের লক্ষ্যে তার কার্যালয়ের নোটিশ বোর্ডে লটকানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩৭-৪৬। চেয়ারম্যান................................ ইউনিয়ন পরিষদ, ঝালকাঠি সদর (তার আওতাধীন ইউনিয়নে বহুল প্রচারের অনুরোধসহ।)
৪৭-৫৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.. ইউনিয়ন ভূমি অফিস, ঝালকাঠি সদর, ঝালকাঠি (তাকে তার ইউনিয়ন ভূমি অফিসের আওতাভুক্ত হাট-বাজারের বর্ণিত ইজারা বিজ্ঞপ্তির সময়সূচি ঢোল সহরতের মাধ্যমে/মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো।)
৫৭। সম্পাদক, দৈনিক দূরযাত্রা, ঝালকাঠি (বিজ্ঞপ্তিটি তার পত্রিকার ভিতরের পাতায় (৬ কলামে) ১২!! X ৬!! পরিসরে ১০ ফন্টে ০১ (এক) দিন প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করা হলো।)
৫৮। ইজারাদার...হাট, ঝালকাঠি সদর, ঝালকাঠি
৫৯। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

২৯/০১/২৩
উপজেলা নির্বাহী অফিসার
ঝালকাঠি সদর, ঝালকাঠি

CS CamScanner